“আল্লাহ তা‘আলা ও তাঁর রাসূল মদ, মৃত জন্তু, শূকর ও মূর্তি কেনা-বেচা হারাম করে দিয়েছেন”

জাবির ইবনু ‘আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত যে, তিনি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মক্কা বিজয়ের বছর মক্কায় অবস্থানকালে বলতে শুনেছেন: “আল্লাহ তা‘আলা ও তাঁর রাসূল মদ, মৃত জন্তু, শূকর ও মূর্তি কেনা-বেচা হারাম করে দিয়েছেন”। তাঁকে জিজ্ঞেস করা হলো, হে আল্লাহর রাসূল! মৃত জন্তুর চর্বি সম্পর্কে আপনি কী বলেন? তা দিয়ে তো নৌকায় প্রলেপ দেয়া হয় এবং চামড়া তৈলাক্ত করা হয় আর লোকে
তা দ্বারা চেরাগ জ্বালিয়ে থাকে? তিনি বললেন, “না, তাও হারাম”। তারপর আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “আল্লাহ তা‘আলা ইয়াহূদীদের বিনাশ করুন।
আল্লাহ যখন তাদের জন্য মৃতের চর্বি হারাম করে দেন, তখন তারা তা গলিয়ে বিক্রি করে
মূল্য ভোগ করে”।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

জাবির ইবন আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহুমা নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লামকে মক্কা বিজয়ের বছর মক্কায় অবস্থানকালে বলতে শুনেছেন, নিশ্চয় আল্লাহ ও তাঁর রাসূল মদ, মৃত পশু, শূকর ও মূর্তি বিক্রি নিষিদ্ধ করেছেন। বলা হলো: হে আল্লাহর রাসূল, আমাদের জন্য মৃত পশুর চর্বি বিক্রি করা জায়েয হবে? কেননা এটি জাহাজে রং করার জন্য ব্যবহৃত হয়, এটি দ্বারা চামড়া তৈলাক্ত করা হয় আর লোকেরা তা দ্বারা চেরাগ জ্বালিয়ে থাকে। তিনি বললেন: না, এটি বিক্রি করা হারাম। তারপর তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন: আল্লাহ ইহুদীদের ধ্বংস ও তাদের অভিশাপ করুন। আল্লাহ যখন তাদের ওপর পশুর চর্বি হারাম করলেন, তখন তারা তা গলিয়ে তারপর তার চর্বি বিক্রি করে তার মূল্য ভক্ষণ করল।

http://sunnah.global/hadeeth/bn/show/4556